

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২১, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৭ অগ্রহায়ণ, ১৪২২/২১ নভেম্বর, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৭ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ২১ নভেম্বর, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৫ সনের ২৪ নং আইন

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০৯ সনের ৫৮ নং আইনের ধারা ২ এর সংশোধন।—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (৫৫) এর পর নিম্নরূপ দফা (৫৫ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(৫৫ক) “রাজনৈতিক দল” অর্থ Representation of the People Order, 1972 (P.O No. 155 of 1972) এর Article 2 (xix) তে সংজ্ঞায়িত registered political party;”;

( ৯০৮৯ )

মূল্য : টাকা ৪.০০

(খ) দফা (৬১) এর পর নিম্নরূপ দফা (৬১ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(৬১ক) “স্বতন্ত্র প্রার্থী” অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন;”।

৩। ২০০৯ সনের ৫৮ নং আইনে নূতন ধারা ২০ক এর সন্নিবেশ।—উক্ত আইনের ধারা ২০ এর পর নিম্নরূপ নূতন ধারা ২০ক সন্নিবেশিত হইবে, যথা :—

“২০ক। নির্বাচনে অংশগ্রহণ।—ধারা ১৯ এর বিধান সাপেক্ষে, কোন পৌরসভার মেয়র পদে নির্বাচনে অংশগ্রহণের জন্য কোন ব্যক্তিকে কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থী হইতে হইবে।”।

৪। ২০০৯ সনের ৫৮ নং আইন এর ধারা ২১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২১ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর পর নিম্নরূপ দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা :—

“(খখ) রাজনৈতিক দল কর্তৃক মনোনীত বা স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনে অংশগ্রহণ সংক্রান্ত যে কোন বিষয়;”।

৫। রহিতকরণ ও হেফাজত।—(১) স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০১৫ (অধ্যাদেশ নং ৩, ২০১৫) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।